

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী

স্মারক নং-৫২.০১.৭৩৪৫.০০০.০৪.০৪৪.১৯- ০১৪


০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ : -----
২১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারিকর্মী) নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণের কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অনুষ্ঠিত ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর খানা তালিকাকরণ ফেব্রুয়ারি/২০২০ সময়ে এবং মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম ০২-০৮ জানুয়ারি/২০২১ সময়ে অনুষ্ঠিত হবে। উক্ত প্রকল্পের তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারিকর্মী) নির্বাচনের লক্ষ্যে আবেদনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ৩০/০১/২০২০ তারিখ বৃহস্পতিবার বিকাল ২:০০টা থেকে ৩:০০টা পর্যন্ত নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	কেন্দ্রের নাম ও ঠিকানা	ইউনিয়নের নাম	মন্তব্য
১	কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয় কিশোরগঞ্জ, নীলফামারী	বড়ভিটা, পুটিমারী, নিতাই, বাহাগিলি, চাঁদখনা	
২	শিশু নিকেতন স্কুল এন্ড কলেজ কিশোরগঞ্জ, নীলফামারী	কিশোরগঞ্জ, গাড়াগ্রাম, রণচন্ডী, মাগুড়া	

রোল নম্বরসহ বৈধ প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিস (<http://bbs.kishorganj.nilphamari.gov.bd>) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের (<http://kishorganj.nilphamari.gov.bd>) ওয়েবসাইটে আগামী ২৮/০১/২০২০ তারিখে upload করা হবে। প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য আলাদা কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। উক্ত বৈধ প্রার্থীদের তালিকা হতে নিজের নাম ও রোল নম্বর জেনে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০(ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, অন্যান্য ইলেক্ট্রনিক্স ডিভাইস এবং অন্য কোনো কাগজ নিয়ে প্রবেশ না করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে।



(আবুল কালাম আজাদ)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কিশোরগঞ্জ, নীলফামারী